

১০

ছাত্রের অভাবে ৫২টি বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র বন্ধের পথে

নিজস্ব সংবাদদাতা: সিরাজগঞ্জ, ২৬ নবেম্বর।-ছাত্রের অভাবে দেশের ৫২টি বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র (ভিটিআই)-বন্ধ হবার উপক্রম হয়েছে। এসব ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট থেকে প্রশিক্ষণ শেষে চাকরির কোন নিশ্চয়তা না থাকায় কেউ আর এসব কেন্দ্রে ভর্তি হতে ইচ্ছুক নয়।

কারিগরি শিক্ষার সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে ১৯৬৬ সনে ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটগুলি স্থাপন করা হয়। এসব প্রশিক্ষণ কেন্দ্রে ২ বছর মেয়াদী শিক্ষাকোর্সে শিক্ষাদান শেষে সনদপত্র দেয়া হয়। ছাত্ররা প্রতি মাসে ৬০ টাকা ভাতা এবং বছরে ২শ' ৫০ টাকা বই-পত্র কেনার জন্য সাহায্য পেয়ে থাকে।

প্রশিক্ষণের জন্য প্রতিটি কেন্দ্রেই কোটি কোটি টাকা মূল্যের যন্ত্রপাতি ও সরঞ্জাম রয়েছে। প্রতিষ্ঠানগুলোর নিজস্ব পাঠাগার রয়েছে। পর্যাপ্ত বইপুস্তক এবং শিক্ষার্থীদের বাসের জন্য রয়েছে সুরম্য হোস্টেল। দু'বছর মেয়াদী শিক্ষাকোর্সে

রয়েছে ফার্ম মেকানিকস, ওয়েল্ডিং, উড ওয়ার্কিং প্রভৃতি।

১৯৬৮-৬৯ সনে কেন্দ্রগুলির নির্মাণ-কাজ শেষ হওয়ায় ছাত্র ভর্তি শুরু করা হয়। প্রথমদিকে ছাত্র ভর্তির খুব চাপ ছিল। কিন্তু চাকরি বা কর্মসংস্থানের কোন নিশ্চয়তা না থাকায় বর্তমানে এসব কেন্দ্রে ছাত্র পাওয়া যাচ্ছে না। বার বার বিজ্ঞপ্তি প্রচার করেছে কোন ফল পাওয়া যাচ্ছে না। ছাত্রের অভাবে উডওয়ার্কিং ৮ বছর আগেই বন্ধ করে দেয়া হয়েছে। অন্য বিভাগগুলো চলছে দু'চারজন ছাত্র নিয়ে অথচ প্রতিটি শ্রেণীতে ৪০ জন ছাত্র থাকার কথা।

এদিকে এসব ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটশনে যন্ত্রপাতি ও শিক্ষক থাকলেও ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স এখনও চালু হয়নি। সরকারী সিদ্ধান্ত থাকলেও অজ্ঞাত কারণে এ কোর্স চালুর অনুমতি দেয়া হয়নি। নতুন এ কোর্সটি চালু হলে প্রশিক্ষণ শেষে কর্মসংস্থানের সুযোগও রয়েছে।